**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং- ২০১-আইন/২০২৬/৫৬/কাস্টমস**।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, উক্ত আইনের ষোড়শ অধ্যায় এবং দ্বিতীয় তফসিলের দফা ৭, ১১, ৩২, ৩৫ এর সহিত পঠিতব্য, এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী (পোশাক শিল্প ব্যতীত) শিল্প প্রতিষ্ঠান (ওয়্যারহাউস পদ্ধতির আওতায় সাময়িক আমদানি, ওয়্যারহাউস পরিচালনা ও কার্যপদ্ধতি) বিধিমালা, ২০২৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার বিধি ১০ এর-

(ক) উপ-বিধি (৩) এর দফা (গ) এ উল্লিখিত "মাস্টার ঋণপত্র ও ইউডি/ইউপি এর কপি" চিহ্ন ও শব্দগুলির পরিবর্তে "মাস্টার ঋণপত্র বা সেলস কন্ট্রাক্ট বা পারচেজ অর্ডার ও ইউডি বা ইউপির কপি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(৪) রপ্তানি ঋণপত্রের মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে এবং জাহাজীকরণের সর্বশেষ তারিখের অন্তত ২৪ (চব্বিশ) ঘণ্টা পূর্বে ইউপি এর আবেদন দাখিল করিতে হইবে।"।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ তারিখে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।